

সভা নং- ১৪

সভার তারিখ-৩০/১০/২০২৩

সভার স্থান- মহিলা ভাইস চেয়ারম্যানের কার্যালয়

সভার বিষয়ঃ সেপ্টেম্বর/২৩ হতে অক্টোবর/২৩ মাসের যুব কার্যক্রমের অগ্রগতি

সভাপতি-শামীম আরা বেগম, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বোয়ালখালী, চট্টগ্রাম।

ক্রমিক নং	নাম ও ঠিকানা	পদবী	উপস্থিতির স্বাক্ষর
০১	জনাব হামিদুল হক মান্নান চেয়ারম্যান, ১০ নং আহলা-কড়লডেঙ্গা, ইউ.পি. বোয়ালখালী, চট্টগ্রাম।	সদস্য	স্বাক্ষরিত
০২	উপজেলা শিক্ষা কর্মকর্তা বোয়ালখালী, চট্টগ্রাম।	সদস্য	স্বাক্ষরিত
০৩	উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা বোয়ালখালী, চট্টগ্রাম।	সদস্য	স্বাক্ষরিত
০৪	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা বোয়ালখালী, চট্টগ্রাম।	সদস্য	স্বাক্ষরিত
০৫	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা বোয়ালখালী, চট্টগ্রাম।	সদস্য সচিব	স্বাক্ষরিত

সভার শুরুতে সভাপতি উপস্থিত সম্মানিত সদস্যবৃন্দকে ধন্যবাদ জানিয়ে সদস্য সচিব ও উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাকে কার্যক্রম সম্পর্কে আলোচনা করার আহবান জানান।

সদস্য সচিব তাঁর বক্তব্যের শুরুতেই, “যুব ও ক্রীড়া উন্নয়ন” সম্পর্কিত স্থায়ী কমিটির সভাপতিকে যুব উন্নয়ন অধিদপ্তর ও কমিটির পক্ষ থেকে অভিনন্দন ও স্বাগত জানান। তিনি বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান এবং পাঠ শেষে তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। সভার সদস্য সচিব ও উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জনাব মোহাম্মদ মামুন সভাকে অবহিত করেন যে, আত্মকর্মসংস্থান কর্মসূচীর আওতায় চলতি অর্থবছরে অক্টোবর/২৩ ইং পর্যন্ত ৪টি ব্যাচে মোট ১২০ জন যুব ও যুব মহিলাকে প্রশিক্ষণ প্রদান, প্রশিক্ষিত ও আত্মকর্মী ০৯ জন যুব ও যুব মহিলাকে ৪,০০,০০০/- (চার লক্ষ) যুব ঋণ বিতরণ করা হয়। ঋণ আদায়ের হার ৯৫.৫৮, পরিবারভিত্তিক কর্মসূচীর আওতায় ঋণ আদায়ের হার ৯৯.৫৫।

সদস্য সচিব ও উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা আরো জানান যে, যুব কল্যাণ তহবিল হতে চলতি ২০২৩-২০২৪ অর্থবছরে যুব সংগঠন সমূহকে প্রকল্পভিত্তিক অনুদান প্রদানের নিমিত্ত অনলাইনে আবেদন দাখিল সংক্রান্ত একখানা পত্র সভায় উপস্থাপন করেন এবং সর্বসম্মতিক্রমে তা বহুল প্রচারের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।

ঋণ আদায়ের অগ্রগতি সম্পর্কীয় সভাপতির এক প্রশ্নের জবাবে সদস্য সচিব জানান যে, চলমান কিস্তি ও খেলাপী টাকা আদায়ের লক্ষ্যে ঋণ গ্রহীতার সাথে নিবিড় তদারকি অব্যাহত আছে। সদস্য সচিব কর্তৃক উপস্থাপিত কার্যক্রমে উপস্থিত সকল সম্মানিত সদস্যগণ সন্তোষ প্রকাশ করেন।

সভায় আর কোনো আলোচ্যসূচী বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে করে সভার কাজ সমাপ্ত করেন।


(শামীম আরা বেগম)

মহিলা ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ, বোয়ালখালী

ও

সভাপতি

যুব ও ক্রীড়া উন্নয়ন কমিটি, বোয়ালখালী, চট্টগ্রাম।

তাং-৩০/১০/২০২৩ খ্রিঃ


(মোহাম্মদ শামসুদ্দিন)

উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা
বোয়ালখালী, চট্টগ্রাম।

সদস্য অবগতির জন্য কপি প্রেরিত হলো:-

স্মারক নং-৯০৮ (ক)

১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বোয়ালখালী, চট্টগ্রাম।

২। উপজেলা নির্বাহী অফিসার, বোয়ালখালী, চট্টগ্রাম।

৩। অফিস কপি।